



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল

স্মারক নং : বশিবো/কলেজ/অনু: ২০২৩/

তারিখ : ০৫.০৩.২০২৩

সূত্র : বাংলাদেশ আন্তঃ শিক্ষাবোর্ড সমন্বয় কমিটির বিজ্ঞপ্তি।

বিষয় : ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অন-লাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অন-লাইনের মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্যক্রম আজ ০৫.০৩.২০২৩ তারিখ থেকে ২০.০৩.২০২৩ তারিখ পর্যন্ত চলবে। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড বরিশাল এর আওতাধীন সকল উচ্চমাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানকে ভর্তি ওয়েবসাইট (www.xiclassadmission.gov.bd) তে (College login) প্যানেলে লগইন করে আগামী ২০.০৩.২০২৩ তারিখ বিকেল ৫:০০ টার মধ্যে রেজিস্ট্রেশন করার জন্য প্রতিষ্ঠান কর্তৃক শিক্ষার্থীদের তথ্যাদি অন-লাইনে প্রেরণের করে সমুদয় কাজ সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজ অন-লাইনে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে উদ্ভূত জটিলতার জন্য শিক্ষাবোর্ডকে দায়ী করা চলবে না।

বি.দ্র : কেবল সে সকল বিষয়ে প্রতিষ্ঠানের পাঠদানের অনুমতি রয়েছে, সে সকল বিষয়েই রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। পাঠদানের অনুমতির বাইরে কোন বিষয়ে রেজিস্ট্রেশন হলে প্রতিষ্ঠানের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।


০৫.০৩.২০২৩

ড. মো: লিয়াকত হোসেন (৯৫১১)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড
বরিশাল।